দৈনিক
জনকণ্ঠ

তারিখ
পৃষ্ঠা — ২ কলাম — ২

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ফজলুল হক হলের ২০ কক্ষ ঝুঁকিপূর্ণ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হলের বিশটি কক্ষকে ছাত্রদের বসবাসের ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ হিসাবে চিহ্নিত করা হয়েছে। যে কোন সময় এই কক্ষগুলো ভেঙ্গে যেতে পারে। কয়েকদিন আগে বুয়েটের কয়েক প্রকৌশলী এই কক্ষগুলোকে ঝুঁকিপূর্ণ হিসাবে চিহ্নিত করেন। কক্ষগুলো হলো ১২৭ থেকে ১৩২, ২৩০ থেকে ২৩৬ এবং ৩৩০ থেকে ৩৩৬ নং কক্ষ পর্যন্ত। এই কক্ষগুলোতে ৩০/৪০ ছাত্র অবস্থান করে। ইতোমধ্যে তাদের কক্ষগুলো ছেড়ে দেয়ার নির্দেশ

*(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)*

## ফজলুল হক হলের

*(প্রথম পাতার পর)*

দেয়া হয়েছে। প্রসঙ্গত ১৯৪০ সালে ফজলুল হক হলটি প্রতিষ্ঠিত হয়। কিন্তু সংস্কারের অভাবে ঐতিহ্যবাহী এই হলটির অবস্থা খুবই নাজুক। সূর্যসেন হলের টিভিরুমের বারান্দার ছাদ। ড্যামেজ ঘোষণা করা হয়েছে।

এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের বেশ কিছু ভবন সংস্কারের অভাবে নষ্ট হয়ে গেছে। উল্লেখ্য, ১৯৮৫ সালে জগন্নাথ হলের একটি ভবনের ছাদ ভেঙ্গে ৩৯ ছাত্র ও ৬ অতিথি নিহত হয়।